

## ঢাকার বাইরে কর্মতৎপরতা



পূর্ববর্তী বছরের মতো এবারও ঢাকাস্থ ইউনিক বৈশ কয়েকটি কার্যক্রম ঢাকার বাইরে সম্প্রসারিত করে। আগস্ট মাসের শেষদিকে বাংলাদেশ জাতিসংঘ সমিতি, রাজশাহী ও ইউনিকের যৌথ উদ্যোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট হাউজে অনুষ্ঠিত হয় আজকের জাতিসংঘ সম্পর্কে একটি প্রাণবন্ত সেমিনার। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রো উপাচার্য প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে সেমিনারে যোগদান করেন। তথ্য কেন্দ্রের কর্মকর্তা আজকের জাতিসংঘ বিষয়ক মূল রচনা পাঠ করেন এবং আরো তিনটি প্রবন্ধ এই সেমিনারে উপস্থাপন করা হয়। আলোচনাকালে ইরাক সংকটসহ সমকালীন জাতিসংঘ সমস্যাবলী বিশেষ প্রাধান্য পায়। প্রশ্নোত্তর পর্ব দিয়ে সেমিনার শেষ হয় এবং এরপর কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিক অংশগ্রহণকারীদের মধ্যে জাতিসংঘ প্রকাশনাসমূহ বিতরণ করেন। একই দিনে ইউনিক ঢাকা ও জাতিসংঘ সমিতি, রাজশাহীর যৌথ আয়োজনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারুকলা চত্বরে পরিবেশ বিষয়ক একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রাজশাহী জেলার তিনটি প্রাথমিক স্কুলের দেড়শ বালক বালিকা দারণ উৎসাহ উদ্দীপনার সঙ্গে এতে অংশ নেয়। বিচারকমণ্ডলী তিনটি গ্রুপের মোট নয়জন প্রতিযোগীকে পুরস্কারের জন্য নির্বাচিত করেন। এই অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো উপাচার্য ও তথ্য কেন্দ্রের প্রধান কর্মকর্তা যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ বছর চট্টগ্রামেও ঢাকাস্থ ইউনিকের কর্মতৎপরতা পরিচালিত হয়। সেখানে জাপানের সাহায্যপুষ্ট এনজিও নিপ্পন একাডেমি ইউনিককে জাতিসংঘ দিবস পালনে সহায়তা করে। এ উপলক্ষে ২৪ অক্টোবর বন্দরনগরীর মুসলিম ইনস্টিটিউট হলে জাতিসংঘ স্মারক সভা অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যের মধ্যে বেশ কয়েকশ ছাত্রছাত্রী যোগদান করে। সভার প্রারম্ভেই জাতিসংঘের সাফল্য তুলে ধরে দুজন তরুণ তরুণী চমৎকার দ্বিভাষিক ও কাব্যিক উপস্থাপনা সকলকে মুগ্ধ করে। বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক কর্তৃক উদ্বোধন ছাড়া, একাডেমি প্রধান, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও তথ্য কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিক তৃতীয় বিশ্বে জাতিসংঘের ভূমিকার ওপর জোরালো বক্তব্য রাখেন। প্রশ্নোত্তর পর্বের পর আগ্রহী ছাত্রছাত্রীদের মধ্যে জাতিসংঘের কিছু তথ্যসামগ্রী বিতরণ করা হয়।

